



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১৯৯৪৪৬১/বগুড়া-১৬২/৬০২/৬

তারিখ: ২৪, অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ  
০২ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে

- সূত্র: ১। বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১৯৯৪৪৬১/৬১৮/নথি নং-১৬২; তারিখ: ২৫/১০/২০১৮ খ্রি.  
 ২। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৫০.১০৩৩.০০০.১০.০৩৩.১৯-৩১৫; তারিখ: ৩১/০৩/২০১৯ খ্রি.  
 ৩। বামাশিবো/প্রশাসন/ ২৩৩১৯১৯৯৪৪৬১/বগুড়া-১৬২/৬৬৫; তারিখ: ২৫/০৬/২০১৯ খ্রি.  
 ৪। জেলা প্রশাসক কার্যালয়ের স্মারক নং-০৫.৫০.১০০০.০২১.১৪১.০০৭.২০-৩১৪; তারিখ: ০৯/০৯/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার দুপচাঁচিয়া উপজেলাধীন অর্জুনগাড়ী তাজ সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসার সভাপতি জনাব আব্দুস সালাম এর বিরুদ্ধে স্বেচ্ছাচারিতা, সুপারকে অবৈধভাবে বরখাস্ত করা, এখতিয়ার না থাকা সত্ত্বেও দুইজন সদস্যকে অযোগ্য ঘোষণা করা, প্রকৃত শিক্ষার্থীকে বাদ দিয়ে ভূয়া ভোটার তালিকার প্রণয়নের বিষয়ে দাতা সদস্য জনাব আবু আনহার মো: শওকত হোসেন অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সূত্রোক্ত ১নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়াকে পত্র দেয়া হয়। তদন্তকালে মাদ্রাসার রেকর্ডপত্র যাচাই করে ও উপস্থিত ব্যক্তিবর্গের বক্তব্য পর্যালোচনা করে অভিযোগকারীর আনিত কোন অভিযোগের সত্যতা পাওয়া যায়নি মর্মে তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২নং স্মারকের মাধ্যমে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

পরবর্তীতে অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত না হওয়ায় একই ব্যক্তি পুনরায় উচ্চতর তদন্তের জন্য অভিযোগ দাখিল করেন যার প্রেক্ষিতে উচ্চতর তদন্তের জন্য সূত্রোক্ত ৩নং স্মারকে জেলা প্রশাসক, বগুড়াকে পত্র দেয়া হয়। বিগত ০৯/১০/২০১৬ খ্রি. তারিখের অনুমোদিত ম্যানেজিং কমিটির ০৮/০৭/২০১৮ খ্রি. তারিখের সভায় ১১ জন সদস্যর মধ্যে ০৫ জন সদস্যর উপস্থিতিতে সুপারকে সাময়িক বরখাস্ত করা হয় মর্মে তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ৪নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায়, কোরাম সংকট সভায় কেন এবং কিভাবে মাদ্রাসার সুপারকে সাময়িক বরখাস্ত করা হয়েছে সে বিষয়ে সঠিক ব্যাখ্যা পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক..... (.....) পাতা।

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার  
ফোন: ৯৬১২৮৫৮  
ই-মেইল: registrar@bmeb.gov.bd

- ১। সভাপতি, অর্জুনগাড়ী তাজ সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা  
ডাকঘর: বিনাহালী, উপজেলা: দুপচাঁচিয়া, জেলা: বগুড়া;  
 ২। ভারপ্রাপ্ত সুপার, অর্জুনগাড়ী তাজ সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা  
ডাকঘর: বিনাহালী, উপজেলা: দুপচাঁচিয়া, জেলা: বগুড়া।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১৯৯৪৪৬১/বগুড়া-১৬২/৬০২/৬

তারিখ: ২৪, অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ  
০২ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- জেলা প্রশাসক, বগুড়া;
- জেলা শিক্ষা অফিসার, বগুড়া;
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া;
- মো: আব্দুল কাদের সরকার (সুপার সাময়িক বরখাস্তকৃত), অর্জুনগাড়ী তাজ সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা, দুপচাঁচিয়া, বগুড়া;
- জনাব আবু আনহার মো: শওকত হোসেন (অভিযোগকারী), অর্জুনগাড়ী তাজ সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা, দুপচাঁচিয়া, বগুড়া;
- পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- অফিস কপি।

মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd